শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

মুজিব বর্ষ MUJIB 100

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
ISO 9001, ISO 14001& ISO 45001 Certified

**বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড**
**BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD**

সচিবালয়, পলিসি শাখা
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
নিকুঞ্জ-২, জোয়ার সাহারা,
খিলক্ষেত, ঢাকা-১২২৯।
ফোন : ০২-৮৯০০৩১৫
ই-মেইল: secyreb@gmail.com
ওয়েব সাইট: www.reb.gov.bd

স্মারক নং-২৭.১২.০০০০.০৩০.৭১.০০৬.২১.৭৪

তারিখঃ ১০ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ
২৪ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ

## "নির্বাহী কমিটির সিদ্ধান্ত"

স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের লক্ষ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে গত ৩১ জানুয়ারি ২০২১ তারিখ এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ১৭ মার্চ থেকে অর্থাৎ বঙ্গবন্ধুর জন্মদিন থেকে ২৬ মার্চ পর্যন্ত ১০ (দশ) দিনব্যাপী একটি বিস্তারিত কর্মসূচি প্রণয়ন করা হয়। তৎপ্রেক্ষিতে উক্ত সভায় গৃহীত কর্মসূচির মধ্যে বিদ্যুৎ বিভাগ সংশ্লিষ্ট যে সকল কর্মসূচি রয়েছে, সে বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে গত ১০ মার্চ ২০২১ খ্রিঃ তারিখে বিদ্যুৎ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিদ্যুৎ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানিসমূহে ১৭ মার্চ থেকে ২৬ মার্চ পর্যন্ত বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদযাপন এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের বিষয়ে কতিপয় সিদ্ধান্ত গৃহীত হয় এবং দপ্তর/সংস্থা/কোম্পনিসমূহকে তা প্রতিপালনের জন্য নির্দেশনা প্রদান করা হয়। উক্ত নির্দেশনার প্রেক্ষিতে বাপবিবো কর্তৃক গৃহীত সিদ্ধান্ত নিম্নরূপঃ

(ক) ২৫ মার্চ ২০২১ (রাত ৯.০০ থেকে ৯.০১ মিনিট পর্যন্ত) ০১ (এক) মিনিটের জন্য বাপবিবো এবং ৮০টি পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরসহ অন্যান্য আওতাধীন অফিস প্রতীকি ব্ল্যাক আউট রাখা **(কেপিআই/জরুরি স্থাপনা ব্যতিত)। ৮০টি পল্লী বিদ্যুৎ সমিতির ক্ষেত্রে নির্বাহী পরিচালক এবং বাপবিবোর্ডের ক্ষেত্রে পরিচালক (সম্পত্তি ও লজিস্টিক) বিষয়টি নিশ্চিত করবেন।**

(খ) বাপবিবো এবং ৮০টি পল্লী বিদ্যুৎ সমিতির সকল অফিস ভবনে ২৬ মার্চ ২০২১ তারিখে জাতীয় পতাকা উত্তোলন করা (ঐদিন সূর্যোদয়ের সাথে সাথে)। এছাড়াও সমিতিগুলো স্ব-স্ব জেলা প্রশাসনের গৃহীত কর্মসূচির সাথে সমন্বয় করে বিভিন্ন কর্মসূচি পালন করবে। **৮০টি পল্লী বিদ্যুৎ সমিতির ক্ষেত্রে নির্বাহী পরিচালক এবং বাপবিবোর্ডের ক্ষেত্রে পরিচালক (সম্পত্তি ও লজিস্টিক) বিষয়টি নিশ্চিত করবেন।**

(গ) বাপবিবো সদর দপ্তর এবং ৮০টি পল্লী বিদ্যুৎ সমিতির গ্রন্থাগার ও মুজিব কর্ণারে সংরক্ষণের লক্ষ্যে বাপবিবো এবং সমিতি কর্তৃক মুক্তিযুদ্ধ বিষয়ক ১০টি এবং বঙ্গবন্ধুর জীবন ও আদর্শ ভিত্তিক ১০টি করে বই ক্রয় করবে। **পরিচালক (জনসংযোগ)** জরুরি ভিত্তিতে **সদস্য (অর্থ)** এর সাথে আলোচনাক্রমে বইয়ের তালিকা চূড়ান্ত করবেন। বাংলা একাডেমী থেকে বই ক্রয় করতে হবে। একইভাবে ৮০টি পল্লী বিদ্যুৎ সমিতিও বাংলা একাডেমী থেকে বই ক্রয় করবে। বাপবিবো এবং সমিতিগুলো সংশ্লিষ্ট খাত থেকে ব্যয় নির্বাহ করবে। **এবিষয়ে নির্বাহী পরিচালক সমিতিগুলোকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন। সদস্য (অর্থ), সদস্য (সমিতি ব্যবস্থাপনা), নিয়ন্ত্রক (অর্থ ও হিসাব), নির্বাহী পরিচালক এবং পরিচালক (জনসংযোগ) স্ব-স্ব ক্ষেত্রে এতদবিষয়ে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করবেন।**

(ঘ) বাপবিবো এবং ৮০টি পল্লী বিদ্যুৎ সমিতির ওয়েবসাইটে সুবর্ণজয়ন্তী কর্ণার স্থাপন করতে হবে এবং ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ রাখতে হবে। **সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইসিটি) বিষয়টি নিশ্চিত করবেন এবং এ বিষয়ে সমিতিগুলোকে প্রয়োজনীয় গাইডলাইন প্রদান করবেন।**

(ঙ) স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে আয়োজিত জাতীয় অনুষ্ঠানে দেশব্যাপী নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে হবে। **সদস্য (বিতরণ ও পরিচালন) এবং সদস্য (সমিতি ব্যবস্থাপনা) এতদবিষয়ে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।**

চলমান পাতা-০২

(চ) ১৭ মার্চ থেকে ২৬ মার্চ ২০২১ পর্যন্ত ১০ (দশ) দিনব্যাপী বাপবিবো এবং ৮০টি পল্লী বিদ্যুৎ সমিতির আলোকসজ্জা অব্যাহত থাকবে। **২৫ মার্চ ২০২১ তারিখ কোনভাবেই আলোকসজ্জা করা যাবে না।** ২৬ **মার্চ ২০২১ তারিখ সন্ধ্যা থেকে আলোকসজ্জা করা যাবে। নির্বাহী পরিচালক এবং পরিচালক (সম্পত্তি ও লজিস্টিক) সংশ্লিষ্ট সকলকে এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।**

(ছ) **"মুজিব শতবর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এবং ৮০টি পল্লী বিদ্যুৎ সমিতির পক্ষ থেকে দেশবাসীকে শুভেচ্ছা"** শিরোনামে ০৫ (পাঁচ) টি বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় (ইত্তেফাক, প্রথম আলো, কালের কণ্ঠ, বাংলাদেশ প্রতিদিন ও The Daily Star) শুভেচ্ছাবাণী প্রকাশের জন্য **পরিচালক (জনসংযোগ) প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করবেন।**

(জ) ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবসের সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষে বাপবিবো'র সদর দপ্তরসহ অন্যান্য অফিস ও ওএন্ডএম কমপ্লেক্সসমূহে স্থাপিত মসজিদে ২৫ মার্চ ২০২১ বৃহস্পতিবার বাদ জোহর দোয়া মাহফিল ও বিশেষ মোনাজাতের আয়োজন করা হবে। এছাড়া ৮০টি পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরে স্থাপিত মসজিদে গণহত্যা দিবস উপলক্ষ্যে ২৫ মার্চ বাদ ফজর এবং মহান স্বাধীনতা দিবসের সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষে ২৬ মার্চ জুম'আর নামাজের পর দোয়া মাহফিল ও বিশেষ মোনাজাত এবং মন্দির, গির্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে প্রার্থনার আয়োজন করা হবে। **সদস্য (প্রশাসন), সদস্য (অর্থ), সদস্য (সমিতি ব্যবস্থাপনা), নির্বাহী পরিচালক এবং সাধারণ সম্পাদক (ক্রীসকপ) স্ব-স্ব ক্ষেত্রে প্রয়োজনীয় কার্যব্যস্থা গ্রহণ করবেন।**

২৪/০৩/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর নির্বাহী কমিটির ০৬/২০২১ তম সভায় গৃহীত সিদ্ধান্ত নং-০১/০৬/২০২১ এর ভিত্তিতে এ আদেশ জারী করা হলো।

২৪/০৩/২০২১
(মোঃ আসাফউদ্দৌলা)
সচিব
বাপবিবো, ঢাকা।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণের বিনীত অনুরোধ সহকারে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। সদস্য (প্রশাসন/অর্থ/বিতরণ ও পরিচালন/পরিকল্পনা ও উন্নয়ন/সমিতি ব্যবস্থাপনা), বাপবিবো, ঢাকা।
০২। নিয়ন্ত্রক (অর্থ ও হিসাব) , বাপবিবো, ঢাকা।
০৩। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০৪। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ/দঃ/উঃ/পঃ/পূঃ অঃ)/অভ্যন্তরীণ নিরীক্ষা/জনসংযোগ/সম্পত্তি ও লজিস্টিক পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৬। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
০৭। সাধারণ সম্পাদক, ক্রীসকপ, বাপবিবো, ঢাকা।
০৮। একান্ত সচিব, সদস্য (প্রশাসন/অর্থ/বিতরণ ও পরিচালন/পরিকল্পনা ও উন্নয়ন/সমিতি ব্যবস্থাপনা), বাপবিবো, ঢাকা।

24/06/21
(রোজিনা আক্তার সাথী)
উপ-সচিব (পলিসি)